bengalioldsongs.in

বাসবী নন্দী

**Basabi Nandy**

কথা ঃ—শ্রী শঙ্কর　　　　সুর ঃ—শ্যামল মিত্র

**N 82847** কখন কবে আনমনে
ফুল জাগবে বলে' বনে লাগলো দোলা

(১)

কখন কবে আনমনে
ভাসিয়েছিলেম তরী
ওগো তোমার তীরের পানে।
জানি না সে কোথায় ওগো
কোনখানে ॥

ভাবিনি তো পাবো কিনা
পাবো পথের দিশা
হঠাৎ কখন
নামবে আঁধার নিশা
আমি শুধু চলেছিলেম
তোমার পথের টানে ॥

ঝড়ের মেঘে আকাশ সাজে
সাজুক না
দুঃখের বাঁশী যদিই বাজে
বাজুক না।
তবু জানি আমার তরী
ভিড়বে তোমার পারে—

আমার এ মন বলে যে আমারে—
যারে আমি চেয়েছিলেম
আমার গানে গানে ॥*

(২)

ফুল জাগবে বলে'
বনে লাগলো দোলা
দোলা লাগলো মনে।
তুমি ডাকবে বলে
কাছে সঙ্গোপনে
দোলা লাগলো মনে ॥

আমি থাকবো বসে
ভুলে সকল খেলা
তুমি বাসবে ভালো
এই ফুলের মেলা
তাই, সাজবো আমি
এই নিরজনে ॥

তন্দ্রাহারা ক্লান্ত আঁখি
রয় যে চেয়ে পথের পানে
আসবে তুমি কখন ওগো
কে-ইবা জানে।

তুমি আসবে কাছে
চাঁদ জাগবে নভে
মধুগন্ধ বয়ে
ফুল আকুল হবে
আশা দুলবে বুকে
বুঝি হায় গোপনে ॥*



বাসবী নন্দী

সুদর্শনা চিত্র-নায়িকা বাসবী নন্দী, যেমন অভিনয়ে তেমনি সংগীতেও যে প্রথম শ্রেণীর শিল্পীর মতই পটু, তাঁর এই আধুনিক গান দু'খানি তার উজ্জ্বল প্রমাণ।